যুগান্তর

তারিখ ... 16 MAR 2003 ...
পৃঃ ... ১৬ কলাম ... ৪ ......

# শিক্ষক শফিকুর রহমানের বিচারের দাবিতে আজ ঢাবি'র আইন বিভাগে ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষক শফিকুর রহমানকে অপসারণ ও বিচারের দাবিতে ছাত্রছাত্রীরা আজ থেকে

ঢাবি : পৃষ্ঠা : ২ কলাম : ৪ -এ দেখুন

## ঢাবি : ধর্মঘট

(শেষ পৃষ্ঠার পর)

বিভাগে লাগাতার ধর্মঘট ডেকেছে। ছাত্রীদের কটূক্তি করায় এবং ছাত্রছাত্রীদের পরীক্ষায় ফেলে করিয়ে দেয়ার হুমকির প্রতিবাদে তারা এ ধর্মঘটের ডাক দেয়। অভিযোগ রয়েছে, কয়েক মাস আগে শফিকুর রহমান দ্বিতীয় বর্ষের ক্লাস নেয়ার সময় প্রধানমন্ত্রী সম্পর্কে কটূক্তি করেন। এ ঘটনায় ছাত্রছাত্রীদের মধ্যে ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি হয়। এর পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন তাৎক্ষণিকভাবে তাকে বাধ্যতামূলক ছুটি দেয় এবং উপ-উপাচার্য অধ্যাপক আফম ইউসুফ হায়দারকে আহ্বায়ক করে তদন্ত কমিটি গঠন করে। তদন্ত কমিটির সামনে দ্বিতীয় বর্ষের ৪৩ জন ছাত্রছাত্রী সাক্ষ্য দেয় বলে জানা যায়। এর ফলে তদন্ত কমিটি প্রধানমন্ত্রীকে কটূক্তি করার সত্যতা উদঘাটন করে।

শফিকুর রহমান প্রধানমন্ত্রীকে কটূক্তি করার অভিযোগ প্রত্যাখ্যান করেন। তাছাড়া হাইকোর্টে রিট করে বিশ্ববিদ্যালয়ে ক্লাস করার আদেশ তিনি নিয়ে আসেন। বর্তমানে ছাত্রছাত্রীরা অভিযোগ করেছেন, তিনি ক্লাসে এসে বিভিন্ন সময় সাক্ষ্যদানকারী ছাত্রছাত্রীদের ফেল করিয়ে দেয়ার হুমকি দিচ্ছেন। তাছাড়া ছাত্রীদেরও কটূক্তি করছেন।